



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

প্রেস রিলিজ

তারিখ: ১৬ এপ্রিল ২০২৫

পাবিপ্রবিতে প্রথম জাতীয় বিজনেস কনফারেন্স অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের উদ্যোগে আজ বুধবার (১৬ এপ্রিল) প্রথম জাতীয় বিজনেস ইনোভেশন, টেকনোলজি অ্যান্ড সাসটেইনেবিলিটি-২০২৫ কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। কনফারেন্সে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। সম্মেলনের কীনোট স্পীকার ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নূর উন নবী এবং বিজনেস ব্রিলিয়ান্স স্পীকার হিসেবে ছিলেন প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. আবুল কালাম আজাদ।

কনফারেন্সে সভাপতিত্ব করেন ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আমিরুল ইসলাম এবং মঞ্চে আরও উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামরুজ্জামান ও ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান শ্রাবণী বাগচি।

২২টি বিশ্ববিদ্যালয়ের ৮০ জন গবেষক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রিত শিক্ষাবিদ কনফারেন্সে অংশগ্রহণ করেন। ৫টি ট্র্যাকে দিনব্যাপী কনফারেন্সটি সম্পন্ন হয়।

উদ্বোধনী সম্মেলনে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল বলেন, আমি যোগদানের পর থেকেই কোয়ালিটি এডুকেশনকে গুরুত্ব দেওয়া এবং পরিকল্পনামাফিক কাজ করছি। আগামী জুনে আরেকটি ন্যাশনাল কনফারেন্স করার চিন্তা আছে। ধাপে ধাপে সবগুলো অনুষদের জাতীয় কনফারেন্স করা হবে। তিনি উদ্যোক্তা তৈরির জন্য আকিজ উদ্দীনের উদাহরণ দেন। একজন আকিজ উদ্দীন হওয়ার জন্য অংশগ্রহণকারীদের উৎসাহ প্রদান করেন। স্বল্প পরিসর থেকে ব্যবসা শুরু করা এবং উত্থানের গল্প কনফারেন্সে তুলে ধরেন। শিক্ষার্থীদের সামনে অনলাইন ব্যবসা প্রতিষ্ঠান আলীবাবা এবং অ্যামাজনের উদাহরণ তুলে ধরেন। তাদেরকে সেভাবে উদ্যোক্তা হওয়ার জন্য অনুপ্রেরণা প্রদান করেন। তিনি আরও বলেন, আমাদের বড় স্বপ্ন দেখতে হবে এবং সেটি বাস্তবায়নের জন্য কাজ করতে হবে। আমাদের ইনোভেটিভ আইডিয়া জেনারেট করা এবং দেশ-বিদেশ ভ্রমণের মাধ্যমে আইডিয়া বৃদ্ধি করতে হবে। এই ধরনের কনফারেন্সের মাধ্যমে অনেক আইডিয়া তৈরি করা যায়। অর্থনৈতিক অগ্রগতির জন্য ইনোভেটিভ আইডিয়া বাড়াতে হবে। বিশ্ব এখন খুবই প্রতিযোগিতাপূর্ণ। তিনি আরও বলেন, আমাদের সম্পদ সীমিত এবং এই সম্পদকে কাজে লাগিয়ে ভালো কিছু করতে হবে।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, এই কনফারেন্সের মাধ্যমে আমাদের সুযোগ তৈরি হয়েছে। আমাদের নতুন নতুন ধারণা ও চিন্তা করতে হবে। নৈতিক ব্যবসাকে প্রাধান্য দিতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, আজকের কনফারেন্সের মাধ্যমে আমাদের নবদিগন্তের শুরু। ভবিষ্যতে আমরা জাতীয় ও আন্তর্জাতিক কনফারেন্স আরও করব। দেশের অগ্রগতি ও উন্নয়নের জন্য বিজনেস ইনোভেশন খুবই গুরুত্বপূর্ণ। এর মাধ্যমে নতুন নতুন আইডিয়া তৈরি হবে এবং গবেষণায় বাংলাদেশ এগিয়ে যাবে।

অনুষ্ঠানে সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক ড. আসফাকুর রহমান। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়। বিকালের সেশনে বেস্ট পেপার নির্বাচিতদের সার্টিফিকেট প্রদান করা হয়।

১৬.০৪.২০২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।